**ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ**
**প্রধান কার্যালয়, বিডিবিএল ভবন (লেভেল-১৪)**
**৮, রাজউক এভিনিউ, ঢাকা-১০০০।**
**হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট**

তারিখ: ২৭ আশ্বিন ১৪৩০
১২ অক্টোবর ২০২৩

# বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, অর্থ মন্ত্রণালয়, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, প্রশাসন শাখা এর ০৯ অক্টোবর ২০২৩ তারিখের ৫৩.০০.০০০০.২১১.৯৯.০২০.১৮.১০৯২ নং স্মারক (সংযুক্ত) এর প্রেক্ষিতে সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সাম্প্রতিক সময়ে বাংলাদেশে অতিমাত্রায় শব্দদূষণ নিয়ন্ত্রণে জনসচেতনতামূলক কার্যক্রমের অংশ হিসেবে **"শব্দদূষণ বন্ধ করি, নিরব মিনিট পালন করি"** এ স্লোগানকে সামনে রেখে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় কর্তৃক আগামী ১৫ অক্টোবর ২০২৩ তারিখ সকাল ১০:০০ হতে ১০:০১ মিনিট পর্যন্ত **'১ মিনিট শব্দহীন'** কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

০২। বর্ণিত কর্মসূচি সফল করার লক্ষ্যে আগামী ১৫ অক্টোবর ২০২৩ তারিখ সকাল ১০:০০ হতে ১০:০১ মিনিট পর্যন্ত ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ এর সকল সরকারি ও ব্যক্তিগত গাড়িচালকগণকে তাদের যানবাহনে হর্ন বাজানো থেকে বিরত থাকার বিষয়ে নির্দেশনা প্রদান করা হলো। এছাড়া, কর্পোরেশনের কর্মচারীগণকে অফিসে আনা-নেওয়ার জন্য নির্ধারিত স্টাফ বাসের চালকগণ কর্তৃক আলোচ্য নির্দেশনা পরিপালনের বিষয়টি নিশ্চিতকরণের নিমিত্ত স্টাফ বাস এর সিগনেটরিসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হলো।

০৩। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।

**(এস. এম. সিরাজুল ইসলাম)**
সহকারী মহাব্যবস্থাপক

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. সহকারী মহাব্যবস্থাপক/সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিবি।
২. উপ-মহাব্যবস্থাপক/সিস্টেম ম্যানেজার, আইসিবি।
৩. মহাব্যবস্থাপক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৪. উপ-ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৫. ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৬. চেয়ারম্যান-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৭. প্রধান নির্বাহী কর্মকর্তা, আইসিবি সাবসিডিয়ারি কোম্পানিসমূহ।
৮. আইসিবি কর্মকর্তা সমিতি, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৯. আইসিবি কর্মচারী ইউনিয়ন, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
১০. অফিস কপি।

**অনুলিপি (কর্পোরেশনের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):**

সিনিয়র সিস্টেম এনালিস্ট, প্রোগ্রামিং ডিপার্টমেন্ট, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

আর্থিক প্রতিষ্ঠান বিভাগ

প্রশাসন শাখা

www.fid.gov.bd

স্মারক নম্বর: ৫৩.০০.০০০০.২১১.৯৯.০২০.১৮.১০৯২

তারিখ: ২৪ আশ্বিন ১৪৩০
০৯ অক্টোবর ২০২৩

বিষয়: **আগামী ১৫ অক্টোবর ২০২৩ তারিখ সকাল ১০:০০ ঘটিকা হতে ১০:০১ ঘটিকা পর্যন্ত '১ মিনিট শব্দহীন' কর্মসূচি পালন।**

সূত্র: সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় মহোদয়ের ডি.ও. লেটার নং ০৭৫.২২.০০৩.২৩-২৭৭ তারিখ ০৫ অক্টোবর ২০২৩।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশে সাম্প্রতিক সময়ে যানবাহনের অতিমাত্রায় সাধারণ ও ১০০ ডেসিবলের উর্ধ্বমাত্রার হর্নের ব্যবহার, যানবাহনে ব্যবহৃত যন্ত্রাংশ, বিভিন্ন প্রচারণা, সামাজিক, সাংস্কৃতিক, রাজনৈতিক, ধর্মীয় উৎসব ইত্যাদিতে উচ্চস্বরে ব্যবহৃত সাউন্ড সিস্টেম/মাইক, নির্মাণ কাজে ব্যবহৃত যন্ত্রপাতি/উপকরণের উচ্চ শব্দের কারণে শব্দদূষণের মাত্রা বেড়েই চলেছে। অতিমাত্রায় শব্দদূষণের ফলে মানুষের বহুমাত্রিক স্বাস্থ্য ঝুঁকি তৈরি হচ্ছে। এর ফলে দেশের মানব সম্পদের উপর এবং সামগ্রিকভাবে অর্থনীতি তথা প্রবৃদ্ধির উপর নেতিবাচক প্রভাব পড়ছে।

বর্ণিত প্রেক্ষাপটে আগামী ১৫ অক্টোবর ২০২৩ সকাল ১০:০০ হতে ১০:০১ মিনিট পর্যন্ত সকল সরকারি ও ব্যক্তিগত গাড়িচালকগণকে তাদের যানবাহনে হর্ন বাজানো থেকে বিরত থাকার বিষয়ে নির্দেশনা প্রদানপূর্বক '১ মিনিট শব্দহীন' কর্মসূচিকে সফল করার জন্য পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় কর্তৃক নির্দেশনা প্রদান করা হয়েছে (কপি সংযুক্ত)।

এ সংক্রান্ত পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের আধা-সরকরি পত্রটি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সংগে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনানুযায়ী ০১ (এক) পাতা।

৯-১০-২০২৩
এ বি এম রওশন কবীর
উপসচিব
ফোন: ০২-৫৫১০০৮৬৩
ইমেইল: ds.admin@fid.gov.bd

আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আওতাধীন সকল প্রতিষ্ঠান।

স্মারক নম্বর: ৫৩.০০.০০০০.২১১.৯৯.০২০.১৮.১০৯২/১(৩৭)

তারিখ: ২৪ আশ্বিন ১৪৩০
০৯ অক্টোবর ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) অতিরিক্ত সচিব (সকল), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।

সচিব
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০

ডিও নং- ২২.০০.০০০০.০৭৫.২২.০০৩.২৩-২৭৭

তারিখঃ ২০ আশ্বিন, ১৪৩০ বঙ্গাব্দ
০৫ অক্টোবর, ২০২৩ খ্রিঃ

শ্রদ্ধেয় মহোদয়, সালাম ও শুভেচ্ছা জানবেন।

আপনি নিশ্চয়ই অবহিত আছেন যে, বাংলাদেশে সাম্প্রতিক সময়ে যানবাহনের অতিমাত্রায় সাধারণ ও ১০০ ডেসিবলের ঊর্ধ্বমাত্রার হর্নের ব্যবহার, যানবাহনে ব্যবহৃত যন্ত্রাংশ, বিভিন্ন প্রচারণা, সামাজিক, সাংস্কৃতিক, রাজনৈতিক, ধর্মীয় উৎসব ইত্যাদিতে উচ্চস্বরে ব্যবহৃত সাউন্ড সিস্টেম/মাইক, নির্মাণ কাজে ব্যবহৃত যন্ত্রপাতি/উপকরণের উচ্চ শব্দের কারণে শব্দদূষণের মাত্রা বেড়েই চলেছে। কিন্তু পরিবেশ দূষণের বিভিন্ন ধরণের মধ্যে বায়ু, পানি ও মাটি দূষণের স্বাস্থ্যগত ও অর্থনৈতিক ক্ষতিকর প্রভাব সম্পর্কে জনগণের মধ্যে সচেতনতা সৃষ্টি হলেও এর তুলনায় শব্দদূষণ সম্পর্কিত সচেতনতার পর্যায়টি এখনও উল্লেখযোগ্য নয়।

০২। অতিমাত্রায় শব্দদূষণের ফলে মানুষের বহুমাত্রিক স্বাস্থ্য ঝুঁকি তৈরি হচ্ছে। শব্দদূষণের কারণে কানে কম শোনা, আংশিক বা পুরোপুরি বধিরতা, হৃদরোগ, উচ্চ রক্তচাপ, অনিদ্রা এবং মনোসংযোগ নষ্টসহ বিভিন্ন মানসিক সমস্যার পাশাপাশি গর্ভবতী মায়েদের গর্ভপাত, গর্ভস্থ বাচ্চা বধির বা প্রতিবন্ধী/বিশেষ চাহিদা সম্পন্ন শিশুর জন্ম হবার সম্ভাবনা সৃষ্টি হয়। শব্দদূষণ যে কোনো মানুষের জন্য ক্ষতিকর, বিশেষ করে শিশু ও নারী, ট্রাফিক পুলিশ, রিকশা বা গাড়িচালক, রাস্তায় চলাচলকারী মানুষ, শব্দের উৎসের নিকটস্থ শ্রমিক বা শহরাঞ্চলে বসবাসকারী মানুষ অধিক হারে ক্ষতিগ্রস্ত হচ্ছে। হাসপাতাল এবং শিক্ষা প্রতিষ্ঠানের যথাক্রমে রোগী এবং শিক্ষার্থীরা বেশি ঝুঁকির মধ্যে থাকেন। এর ফলে দেশের মানব সম্পদের উপর এবং সামগ্রিকভাবে অর্থনীতি তথা প্রবৃদ্ধির উপর নেতিবাচক প্রভাব পড়ছে।

০৩। বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO)-এর তথ্য মতে ৬০ ডেসিবলের ঊর্ধ্বমাত্রার শব্দ মানুষকে সাময়িক বধির এবং ১০০ ডেসিবলের ঊর্ধ্বমাত্রার শব্দ পুরোপুরি বধির বানিয়ে দেয়। শব্দদূষণ নিয়ন্ত্রণে সমন্বিত ও অংশীদারিত্বমূলক কর্মসূচির অধীনে দেশের আটটি বিভাগীয় শহরে নির্বাচিত ২০৬টি স্থানে পরিবেশ অধিদপ্তর কর্তৃক সম্পন্ন একটি জরিপে সড়ক সংলগ্ন নির্ধারিত স্থানসমূহে সর্বনিম্ন ৪০ ডেসিবল থেকে সর্বোচ্চ ১৩৩.৪ ডেসিবল পর্যন্ত আকস্মিক (Impulse) শব্দের মাত্রা রেকর্ড করা হয়েছে যেখানে যানবাহনের হর্নকে শব্দদূষণের অন্যতম উৎস হিসেবে চিহ্নিত করা হয়েছে। অতিরিক্ত হর্ন ব্যবহারকারী স্থানসমূহে যে সমস্ত মানুষ অবস্থান/বসবাস করে থাকেন তারা মারাত্মক স্বাস্থ্যঝুঁকির মধ্যে রয়েছেন।

০৪। বর্তমানে ঢাকা শহরের শব্দদূষণ যে পর্যায়ে অবস্থান করছে তা খুবই আশংকাজনক। শব্দদূষণ নিয়ন্ত্রণে জনসচেতনতামূলক কার্যক্রমের অংশ হিসাবে **"শব্দদূষণ বন্ধ করি, নিরব মিনিট পালন করি"** এ স্লোগানকে সামনে রেখে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের উদ্যোগে ঢাকা শহরের ১০টি গুরুত্বপূর্ণ স্থানে যথা: (১) ওসমানী মিলনায়তনের সামনে (২) শাহবাগ (৩) উত্তরা (৪) বিজয়সরণী (৫) মিরপুর-১০ (৬) গাবতলী (৭) মগবাজার (৮) মহাখালী (৯) গুলশান-১ ও (১০) যাত্রাবাড়ী-তে আগামী ১৫ অক্টোবর ২০২৩ সকাল ০৯:৩০ হতে সকাল ১০.০০ মিনিট পর্যন্ত এ মন্ত্রণালয়ের অধীনস্থ দপ্তর/সংস্থার কর্মকর্তা/কর্মচারি, স্কুল-কলেজের স্কাউট সদস্য, স্থানীয় জনপ্রতিনিধি, বিভিন্ন সরকারি দপ্তর/সংস্থার কর্মকর্তা/কর্মচারি, ট্রাফিক পুলিশের সদস্য ও ঢাকা পরিবহন মালিক সমিতির সদস্যদের উপস্থিতিতে ব্যানারসহ মানববন্ধন, গাড়ি চালকদের মধ্যে লিফলেট/স্টিকার বিতরণ কর্মসূচি এবং **সকাল ১০:০০ হতে সকাল ১০:০১ মিনিট পর্যন্ত '১ মিনিট শব্দহীন'** কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

০৫। বর্ণিত প্রেক্ষাপটে, আপনার মন্ত্রণালয়/বিভাগ ও এর আওতাধীন দপ্তর/সংস্থায় কর্মরত সকল সরকারি ও ব্যক্তিগত গাড়িচালকগণকে আগামী ১৫ অক্টোবর ২০২৩ সকাল ১০:০০ হতে ১০:০১ মিনিট পর্যন্ত তাদের যানবাহনে হর্ন বাজানো থেকে বিরত থাকার বিষয়ে সদয় নির্দেশনা প্রদান ও **'১মিনিট শব্দহীন'** কর্মসূচিকে সফল করার জন্য আপনার একান্ত সহযোগিতা কামনা করছি।

০৫.১০.২৩
ড. ফারহিনা আহমেদ
সচিব
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

সচিবের দপ্তর, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
ডায়েরী নম্বর: ২০৪৮৮ তারিখ: ০৯/১০/২৩
অতিরিক্ত সচিব (পরিকল্পনা/বীমা ও পুঁজিবাজার/প্রশাসন)
যুগ্মসচিব (ব্যাংকিং/অডিট)
ফোকাল পয়েন্ট কর্মকর্তা
একান্ত সচিব
মন্তব্য:
প্রয়োজনীয় ব্যবস্থা নিন
জরুরি
আলোচনা করুন
উপস্থাপন করুন
নথিজাত করুন

প্রাপক —

জনাব শেখ মোহাম্মদ সলীম উল্লাহ
সচিব
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা